# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৩

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি কুরআন অনুসরণ করবে সে হেদায়েতপ্রাপ্ত হবে আর যে ব্যক্তি কুরআন পরিত্যাগ করবে সে পথভ্রষ্ট হবে

ذِكْرُ إِثْبَاتِ الْهُدَى لِمَنِ اتَّبَعَ الْقُرْآنَ وَالضَّلَالَةِ لِمَنْ تَرَكَهُ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا عَفَّانُ حَدَّثَنَا حَسَّانُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ سَعِيدِ بْنِ مَسْرُوقٍ عَنْ يَزِيدَ بْنِ حَيَّانَ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ: دَخَلْنَا عَلَيْهِ فَقُلْنَا لَهُ: لَقَدْ رَأَيْتَ خَيْرًا صَحِبْتَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَلَّيْتَ خَلْفَهُ فَقَالَ: نَعَمْ وَإِنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَنَا فَقَالَ: "إِنِّي تَارِكٌ فِيكُمْ كِتَابَ اللَّهِ هُوَ حَبْلُ اللَّهِ مَنِ اتَّبَعَهُ كَانَ عَلَى الْهُدَى وَمَنْ تركه كان على الضلالة"

الراوي : زَيْد بْن أَرْقَم | المحدث : شعيب الأرنؤوط | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 123 | خلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم

বাংলা

১২৩. ইয়াযিদ বিন হাইয়্যান রাহিমাহুল্লাহ বলেন, আমরা একবার যায়েদ বিন আরকাম রাদ্বিয়াল্লাহু তা’আলার কাছে গেলাম এবং তাঁকে বললাম: আপনি তো কল্যান প্রত্যক্ষ করেছেন; আপনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাহচর্য্ লাভ করেছেন, তাঁর পিছনে সালাত আদায় করেছেন!

তিনি বললেন: হ্যাঁ, এটা ঠিক। একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ভাষনে বলেছিলেন: “আমি তোমাদের মাঝে আল্লাহর কিতাব রেখে যাচ্ছি; এটি আল্লাহর রশি, যে ব্যক্তি তার অনুসরণ করবে, সে হেদায়াতের উপর থাকবে আর যে ব্যক্তি তা পরিত্যাগ করবে, সে পথভ্রষ্টতার উপর থাকবে।” [1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৪০৮; তাবারানী: ৫০২৬; তিরমিযী: ৩৭৮৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৫০৫; মুসনাদ আহমাদ: ৪/৩৬৬; বাইহাকী: ১০/১১৪। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ সহীহ

মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহা: ৪/৩৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইয়াযীদ ইবনু হায়্যান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88214

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন